

নিয়োগ বিজ্ঞপ্তি

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়ে স্থানীয় সরকার বিভাগের ০৪ মে, ২০১৫ খ্রিঃ তারিখের এস, আর, ও নং ৮৯-আইন/২০১৫ এবং ১৩ নভেম্বর, ২০১৬ খ্রিঃ তারিখের এস, আর, ও নং ৩৩৬-আইন/২০১৬ নং প্রজ্ঞাপন অনুযায়ী জেলা প্রশাসকের কার্যালয়, শরীয়তপুর-এর ২৪/০১/২০১৮ খ্রিঃ তারিখের ০৫.৩০.৮৬০০.০১০.০৩.০০২.১২.১৮-৩০ নং স্মারক মূলের প্রদত্ত নির্দেশ মোতাবেক এবং সংশ্লিষ্ট ইউনিয়ন পরিষদের গ্রাম পুলিশের চাহিদা মোতাবেক সম্পূর্ণ অস্থায়ী ভিত্তিতে শূণ্য পদসমূহ পূরণের জন্য নিম্নে বর্ণিত সুবিদা ও শর্ত সাপেক্ষে প্রকৃত বাংলাদেশের নাগরিকদের নিকট হতে আবেদন আহ্বান করা হচ্ছে।

পদের নাম	পদের সংখ্যা	বেতন-ভাতাদি	বয়স	শিক্ষাগত যোগ্যতা
দফাদার (বিকে নগর ইউপি)	০১টি	বিধি মোতাবেক	-	শিক্ষাগত যোগ্যতা বিকে নগর ইউনিয়নের যে কোন ওয়ার্ডে কমপক্ষে ০৭ (সাত) বৎসরের মহল্লাদার হিসেবে চাকুরীর অভিজ্ঞতা।
মহল্লাদার (বিকে নগর ইউপির দফাদার পদোন্নতি জনিত কারণে সংশ্লিষ্ট ইউপির যে কোন শূণ্য ওয়ার্ডে)	০১টি	বিধি মোতাবেক	অনূর্ধ্ব ৩০ বছর	কোন স্বীকৃত প্রতিষ্ঠান হইতে ৮মশ্রেণী উত্তীর্ণ অথবা কোন স্বীকৃতবোর্ড হইতে জে.এস.সি বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ।
মহল্লাদার (সেনের চর ইউপির ০৭ ও ৯ নং ওয়ার্ডে)	০২টি	বিধি মোতাবেক	অনূর্ধ্ব ৩০ বছর	কোন স্বীকৃত প্রতিষ্ঠান হইতে ৮মশ্রেণী উত্তীর্ণ অথবা কোন স্বীকৃতবোর্ড হইতে জে.এস.সি বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ।
মহল্লাদার (পালের চর ইউপির ০৩ ও ৬ নং ওয়ার্ডে)	০২টি	বিধি মোতাবেক	অনূর্ধ্ব ৩০ বছর	কোন স্বীকৃত প্রতিষ্ঠান হইতে ৮মশ্রেণী উত্তীর্ণ অথবা কোন স্বীকৃতবোর্ড হইতে জে.এস.সি বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ।
মহল্লাদার (জয়নগর ইউপির ০৬ ও ৯ নং ওয়ার্ডে)	০২টি	বিধি মোতাবেক	অনূর্ধ্ব ৩০ বছর	কোন স্বীকৃত প্রতিষ্ঠান হইতে ৮মশ্রেণী উত্তীর্ণ অথবা কোন স্বীকৃতবোর্ড হইতে জে.এস.সি বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ।
মহল্লাদার (পূর্ব নাওডোবা ইউপির ০৪ নং ওয়ার্ডে)	০১টি	বিধি মোতাবেক	অনূর্ধ্ব ৩০ বছর	কোন স্বীকৃত প্রতিষ্ঠান হইতে ৮মশ্রেণী উত্তীর্ণ অথবা কোন স্বীকৃতবোর্ড হইতে জে.এস.সি বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ।
মহল্লাদার (কুন্ডের চর ইউপির ০১ নং ওয়ার্ডে)	০১টি	বিধি মোতাবেক	অনূর্ধ্ব ৩০ বছর	কোন স্বীকৃত প্রতিষ্ঠান হইতে ৮মশ্রেণী উত্তীর্ণ অথবা কোন স্বীকৃতবোর্ড হইতে জে.এস.সি বা সমমানের পরীক্ষায় উত্তীর্ণ।

আবেদনের শর্ত ও নিয়মাবলী :

- আবেদনকারীকে বাংলাদেশের নাগরিক হতে হবে, রক্তবিরোধী বা আইন বিরোধী কার্যকলাপের সাথে জড়িত নহে মর্মে সংশ্লিষ্ট ইউনিয়নের স্থায়ী বাসিন্দা হতে হবে এবং মহল্লাদারদের ক্ষেত্রে যোগ্য সংশ্লিষ্ট ওয়ার্ডের বাসিন্দাদের, মৃত বা অবসরপ্রাপ্ত মহল্লাদারদের পুত্র, কন্যা বা প্রত্যক্ষ পোষ্যদের অধিকার দেয়া হবে।
- আবেদনকারীর পূর্ণ নাম, পিতা/স্বামীর নাম, মাতার নাম, স্থায়ী ও বর্তমান ঠিকানা, জন্ম তারিখ, বয়স, শিক্ষাগত যোগ্যতা, শারীরিক যোগ্যতার পরিমাপ, ধর্ম, জাতীয়তা, ইউনিয়নের নাম, ওয়ার্ডের নাম ও নম্বর, মোবাইল নাম্বার, অভিজ্ঞতা (যদি থাকে) ইত্যাদি উল্লেখ করতে হবে।
- আবেদনকারীর বয়স ২০/০৩/২০১৮ খ্রিঃ তারিখ পর্যন্ত ৩০ বৎসরের মধ্যে হতে হবে তবে মুক্তিযোদ্ধা/শহীদ মুক্তিযোদ্ধার সন্তানদের ক্ষেত্রে ৩২ বছর পর্যন্ত প্রযোজ্য হবে।
- শারীরিক যোগ্যতার পরিমাপের ক্ষেত্রে পুরুষ প্রার্থীর উচ্চতা সর্বনিম্ন ৫ ফুট ২ ইঞ্চি, বুকের মাপ ৩০ ইঞ্চি (স্বাভাবিক), ৩২ ইঞ্চি (সম্প্রসারণ) ও সর্বনিম্ন ওজন ৫০ কেজি এবং মহিলা প্রার্থীর ক্ষেত্রে সর্বনিম্ন উচ্চতা ৫ ফুট, সর্বনিম্ন বুকের মাপ ২৮ ইঞ্চি (স্বাভাবিক), ৩০ ইঞ্চি (সম্প্রসারণ) ও সর্বনিম্ন ওজন ৪৫ কেজি।
- আবেদনকারীকে ২০/০৩/২০১৮ খ্রিঃ তারিখের মধ্যে 'উপজেলা নির্বাহী অফিসার, জাজিরা, শরীয়তপুর' বরাবর আবেদন দাখিল করতে হবে।
- অসত্য/ভুল তথ্য সংবলিত/ক্রটিপূর্ণ আবেদন কোন কারণ দর্শানো ব্যতিরেকে কর্তৃপক্ষ বাতিল করতে পারবে।

রাহেলা রহমত উল্লাহ
উপজেলা নির্বাহী অফিসার
জাজিরা, শরীয়তপুর।

ফোন নাম্বার : ০৬০২৭-৫৬০০১
ই-মেইল : unozajira@mopa.gov.bd